



নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, প্রতি বছর ২৬ এপ্রিল তারিখে World Intellectual Property Organization (WIPO)-এর উদ্যোগে বিশ্ব মেধাস্বত্ব দিবস (World IP Day) উদযাপিত হয়ে থাকে। ২০২৬ সালে “IP and Sports: Ready, Set, Innovate” প্রতিপাদ্যকে সামনে রেখে বিশ্বব্যাপী দিবসটি যথাযথ মর্যাদা ও গুরুত্বের সাথে পালিত হয়। এরই ধারাবাহিকতায়, আগামী ০৬/০৫/২০২৬ ইং তারিখ রোজ বুধবার সকাল ১০.২০ ঘটিকায় অত্র বিশ্ববিদ্যালয়ের Institutional Quality Assurance Cell (IQAC) কর্তৃক “World Intellectual Property Day-2026” উদযাপন উপলক্ষে একটি আলোচনা সভা (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সভা কক্ষে) আয়োজন করা হয়েছে এবং পরবর্তীতে অত্র বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে একটি র্যালি অনুষ্ঠিত হবে। উক্ত সভা ও র্যালিতে প্রধান অতিথি হিসেবে থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাননীয় সদস্য অধ্যাপক ড. মোঃ সাইদুর রহমান। উক্ত সভা ও র্যালিতে সভাপতিত্ব করবেন অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ জয়নাল আবেদীন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোঃ আরেফিন কাওসার এবং অধ্যাপক ড. মোঃ ওবায়দুর রহমান, পরিচালক, আইকিউএসি, ডুয়েট, গাজীপুর। উক্ত অনুষ্ঠানের সার্বিক তত্ত্বাবধানে থাকবেন অধ্যাপক ড. শফিকুল ইসলাম, অতিরিক্ত পরিচালক, আইকিউএসি, ডুয়েট, গাজীপুর।

উল্লিখিত সভা ও র্যালিতে অত্র বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদের ডিন, পরিচালক, বিভাগীয় প্রধান, শিক্ষকবৃন্দ এবং সকল অফিস প্রধানগণকে যথাসময়ে সভা ও র্যালিতে অংশগ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।

অধ্যাপক ড. মোঃ ওবায়দুর রহমান
পরিচালক, আইকিউএসি,
ডুয়েট, গাজীপুর।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হইল-

- ১। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ২। এপিএস টু প্রো-ভিসি (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৩। সকল ডিন (সদয় অবগতির জন্য);
- ৪। রেজিস্ট্রার (অঃ দাঃ);
- ৫। সকল বিভাগীয় প্রধান (বিভাগের সকল শিক্ষকগণকে সভা ও র্যালিতে অংশগ্রহণে অবহিত করার জন্য অনুরোধ করা হল);
- ৬। সকল পরিচালক;
- ৭। সকল অফিস প্রধান;
- ৮। পরিচালক, কম্পিউটার সেন্টার (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল);
- ৯। অফিস প্রধান, প্রকৌশল অফিস (সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল);
- ১০। সংরক্ষণ নথি।